লেন্স এশিয়া

২৮ জানুয়ারী, ২০২৬

# খালেদা জিয়ার মৃত্যুতে ভারতের সংসদে শোকপ্রস্তাব



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার প্রয়াণে ভারতের পার্লামেন্টে মরনোত্তর শ্রদ্ধা জানানো হবে। বাজেট সেশনের প্রথম দিনে, আজ বুধবার, লোকসভা ও রাজ্যসভায় উভয়কক্ষেই খালেদা জিয়ার প্রতি সম্মান প্রদর্শন করা হবে।

খালেদা জিয়ার প্রয়াণের পর ঢাকায় পৌঁছেছিলেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুব্রাহ্মনিয়াম জয়শঙ্কর। ভারতের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রদত্ত লিখিত শোকবার্তা তিনি খালেদার ছেলে ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমানকে হস্তান্তর করেন।

ভারতীয় সংবাদমাধ্যম এএনআই জানিয়েছে, বাজেট সেশনের প্রথম দিনে উভয় কক্ষের সদস্যদের জন্য একটি যৌথ অধিবেশন বসবে। সেখানে ভাষণ দেবেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এসময় খালেদা জিয়ার পাশাপাশি ভারতের সাবেক এমপি এল. গনেশন ও এমপি সুরেশ কালমাদির প্রতি শোক ও শ্রদ্ধা জানানো হবে।

ভারতের পার্লামেন্টের উভয়কক্ষে আগামী ৬৫ দিনে মোট ৩০টি অধিবেশন অনুষ্ঠিত হবে। বাজেট সেশন ২ এপ্রিল শেষ হবে।

সূত্র: এএনআই

LENS ASIA